ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৪৫৩৭

কৈলাসহর, ১ জানুয়ারি, ২০২৬

## আগামী ৩১ জানুয়ারি থেকে কৈলাসহরে শুরু হচ্ছে পদ্মজং ফুটবল টুর্ণামেন্ট

আগামী ৩১ জানুয়ারি থেকে কৈলাসহরের রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের মাঠে শুরু হবে পদ্মজং ফুটবল টুর্ণামেন্ট। টুর্ণামেন্টে ইস্টবেঙ্গল ও মোহনবাগানের জুনিয়র টিমকে আমন্ত্রণ জানানো হবে। এছাড়া উত্তর-পূর্বাঞ্চলের অরুণাচল প্রদেশ, মেঘালয়, মণিপুর, মিজোরাম ও নাগাল্যান্ড ফুটবল টিমগুলোকেও এই আসরে আমন্ত্রণ জানানো হবে। এ বিষয়ে গতকাল কৈলাসহর সার্কিট হাউসে যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিঙ্কু রায়ের সভাপতিত্বে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস, কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলারাণী দেবরায়, চন্ডীপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সম্পা দাস পাল, ত্রিপুরা ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি, জেলাশাসক ড. তমাল মজুমদার, কৈলাসহর মহকুমার অতিরিক্ত মহকুমা শাসক কার্জন হালাম, ফুটবল অ্যাসোসিয়েশনের ঊনকোটি জেলার সভাপতি অরুণ সাহা, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার, টিএফএ'র কর্মকর্তাগণ ও বিভিন্ন দপ্তরের প্রতিনিধিগণ।

সভায় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিঙ্কু রায় জানান, আগামী ৩১ জানুয়ারি ২০২৬ কৈলাসহরের রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের মাঠে একটি বর্ণময় উদ্বোধনী অনুষ্ঠানের পর নৈশকালীন উদ্বোধনী ম্যাচের মাধ্যমে পদ্মজং ফুটবল টুর্ণামেন্ট শুরু হবে। এই টুর্ণামেন্টে বিএসএফ, আসাম রাইফেলস, ত্রিপুরা পুলিশ সহ মোট ১৬ থেকে ২০টি টিমকে আমন্ত্রণ জানানো হবে। ফাইনাল ম্যাচ হবে আগামী ১৭ ফেব্রুয়ারি। টুর্ণামেন্ট হবে নক আউট পর্যায়ের। দর্শকরা ২০ টাকা ও ৩০ টাকা মূল্যের টিকিটের বিনিময়ে টুর্ণামেন্টের ম্যাচ উপভোগ করতে পারবেন। গ্র্যান্ড স্ট্যান্ডের টিকিটের মূল্য থাকবে একশ টাকা। উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয়স্তরের কোন ফুটবলারকে আনার চেষ্টা চলছে। পদ্মজং ফুটবল টুর্ণামেন্ট কৈলাসহরে সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশনের কর্মকর্তাদের সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার অনুরোধ জানানো হয়েছে।

******